গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | ডিসেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোছাঃ সুলতানা পারভীন<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২২ ডিসেম্বর , ২০১৯। সময়ঃ দুপুর ১২.০০ টা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম গত ২৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সিদ্ধান্তসমূহ পাঠ করেন। উপস্থাপিত নভেম্বর ২০১৯ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:

সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ সংক্রান্ত তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/ শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী (২য় শ্রেণি) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৬ | ০৯ | ৭ | অফিস সহকারী, সার্ভেয়ার ও ট্রেসার পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১০ | ১ | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | - | ২ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৫ | ৩ | অফিস সহকারী ও সার্ভেয়ার পদ শূন্য। |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | - |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৩ | ৬ | কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী ও উলিপুর ব্যতিত ০৬টি উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ৪ | ৫ | ৪ জন কানুনগো ইতোমধ্যে যোগদান করেছেন। |
| | সার্ভেয়ার | ৯ | ৬ | ৩ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ৩য় শ্রেণি | ২৭৬ | ১৪৫ | ১৩১ | ইউ: ভূমি সহ: কর্ম:/ ইউ: ভূমি উপ: সহ: কর্ম:/অফিস সহকারী /সমমান পর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ৩৫৬ | ১৮৯ | ১৬৭ | চেইনম্যান,নিরাপত্তা প্রহরী,পরিচ্ছন্নতা কর্মী, অফিস সহায়ক ও প্রসেস সার্ভার পদ শূন্য |

| **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তা শূন্য পদে নিয়োগ/পদোন্নতি প্রদানের জটিলতা থাকায় জনবলের স্বল্পতার অভাবে অফিসের কার্যক্রমে নানাভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। ইতোমধ্যে ভূমি মন্ত্রণালয় হতে ০৮ জুলাই ২০১৯ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৭৯.১২.৪৬২ নং স্মারকে রাজস্ব প্রশাসনের ৩য় শ্রেণীর ১২ (বার) টি পদের মঞ্জুরীপত্র পাওয়া গেছে। ৪র্থ শ্রেণীর শূন্যপদসমূহ পূরণের ছাড়পত্র প্রদানের জন্য এ কার্যালয়ের ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.৪৭. ৪৯০০.০০৬.০১.১২৯.১৮-৪১২ নং স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ভূমি মন্ত্রণালয় থেকে অদ্যাবধি কোন মঞ্জুরীপত্র পাওয়া যায়নি। | সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে এবং রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে রাজস্ব প্রশাসনের শূন্যপদসমূহ পূরণের জরুরি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।ভবিষ্যতে কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলী অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/২০১৬, ০১/২০১৭, ০২/২০১৭,০৩/২০১৭, ০২/২০১৮.০৩/১৮,০৪/১৮, ০৫/২০১৮ ও ০১/২০১৯ নম্বর মোট ০৯ (নয়) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনান্তে সভাপতি সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করেন। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: নভেম্বর ২০১৯

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মো: খালেকুজ্জামান<br>ইউ: ভূমি উপ-সহ: কর্ম: | ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০১/২০১৬<br>২০/০৬/১৬ | স্মারক নং-১২১২<br>তারিখঃ ২৮/০৯/১৭ | জনাব সাধন কুমার বিশ্বাস<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন ও অভিযুক্তের জবাব অনুযায়ী পরবর্তি আদেশের জন্য নথি পেশ করা হয়েছে। |
| ২ | মো: আব্দুর রহমান<br>ইউ: ভূমি উপ-সহ: কর্ম: | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ০২/২০১৭<br>২০/০৯/১৭ | স্মারক নং- ৯১৪(৪)<br>তারিখঃ ১৬/০৮/১৮ | মিজ্ সালমা আক্তার<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। নথিতে আদেশের জন্য উপস্থাপন করা হয়েছে। |
| ৩ | মো: গোলাম মর্তুজা আল ফারুক<br>ইউ: ভূমি সহ: কর্মকর্তা | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ০১/২০১৭<br>২০/০৯/১৭ | স্মারক নং- ১৭০(৫)<br>তারিখঃ ০১/০২/১৮ | জনাব রিন্টু বিকাশ চাকমা<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। নথিতে আদেশের জন্য উপস্থাপন করা হয়েছে। |
| ৪ | জনাব মো: আলমগীর হোসেন<br>ইউ: ভূমি উপ-সহ: কর্ম: | ইউনিয়ন ভূমি অফিস পাইকের ছড়া, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০২/২০১৮<br>০৫/০৪/১৮ | - | - | অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গৃহীত হয়েছে। পরবর্তি আদেশের জন্য নথি পেশ করা হয়েছে। |
| ৫ | জনাব মো: তোফায়েল হোসেন<br>নাজির কাম ক্যাশিয়ার | উপজেলা ভূমি অফিস, উলিপুর, কুড়িগ্রাম | ০৩/২০১৭<br>০৩/১২/১৭ | স্মারক নং-২৫৪(৫)<br>তারিখঃ ২৬/০২/১৮ | মিজ্ ফাতেমা খাতুন<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | কর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। নথিতে আদেশের জন্য উপস্থাপন করা হয়েছে। |
| ৬ | জনাব মো: আমির হোসেন<br>ইউ: ভূমি সহ: কর্মকর্তা | ইউনিয়ন ভূমি অফিস কাশিপুর, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০৫/২০১৮<br>১৩/১২/১৮ | - | - | কারণ দর্শানোর জবাব যথাযথ কতৃপক্ষের মাধ্যমে দাখিল করেছেন। |
| ৭ | জনাব মো: খালেকুজ্জামান<br>ইউ: ভূমি উপ-সহ: কর্ম: | ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০৪/১৮<br>০৫/১২/১৮ | - | - | ব্যাক্তিগত শুনানীন জন্য দিন ধার্য্য আছে। |
| ৮ | জনাব মো: হাবিবুর রহমান<br>ইউ: ভূমি সহ: কর্ম: | ইউনিয়ন ভূমি অফিস, ধলডাঙ্গা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০৩/১৮<br>১৯/১১/১৮ | - | - | কারণ দর্শানোর জবাব যথাযথ কতৃপক্ষের মাধ্যমে দাখিল না করায় পুনরায় কারণ দর্শানো হয়েছে। |
| ৯ | জনাব মো: নুরুল আমিন<br>ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা | ইউনিয়ন ভূমি অফিস, নারায়নপুর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০১/১৯<br>২২/০৮/১৯ | - | - | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর মাধ্যমে কারণ দর্শানো হয়েছে। জবাব পাওয়া যায়নি। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি বলেন যে, পরিদর্শন বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। নভেম্বর ২০১৯ মাসে উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম সদর,নাগেশ্বরী,ফুলবাড়ী, রাজারহাট,উলিপুর ও চিলমারী এবং সহকারী কমিশনার(ভূমি),কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ফুলবাড়ী, রাজারহাট, উলিপুর ও চিলমারী, কুড়িগ্রাম এর প্রমাপ অর্জিত হয়েছে।<br>প্রমাপ অর্জনকারী কর্মকর্তাগণকে সভাপতি ধন্যবাদ জানান। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে আগামীতে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করেন। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে তাঁর নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখার জন্য অনুরোধ করেন। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখা, ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)গণকে সতর্ক থাকতে হবে।<br>২। ভূমি সংস্কার বোর্ডের ফরমেট মোতাবেক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৩। পরিদর্শনকারী কর্মকর্তাকে পূর্বের পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা প্রতিপালন হয়েছে কিনা তা যাচাই করে দেখতে হবে।<br>৪। পরিদর্শনের সময় অফিসে পরিস্কার পরিচ্ছন্নতার প্রতি দৃষ্টি রাখতে হবে এবং ভূমি অফিসে আগত সেবা প্রার্থীদের শুনানী গ্রহণ করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) ,কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

## ৪। ভূমি অফিসসমূহের কর্মসম্পাদন/কর্মতৎপরতা (উপজেলা রাজস্ব সভা) সংক্রান্ত: নভেম্বর ,২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পর্যায়ে রাজস্ব সভা সংক্রান্ত আলোচনায় অতিরিক্তি জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে কুড়িগ্রাম সদর,নাগেশ্বরী,ফুলবাড়ী, রাজারহাট, উলিপুর ও চিলমারী উপজেলা হতে নভেম্বর, ২০১৯ মাসের উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী পাওয়া গেছে। ভূরুঙ্গামারী রৌমারী ও চর রাজিবপুর উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া যায়নি। ভূরুঙ্গামারী,রৌমারী ও চর রাজিবপুর উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ তারিখের ০৪. ০০. ০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে সভাপতি পরামর্শ প্রদান করেন। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখের ০৪. ০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১. ৭৩২ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ভূমি অফিসসমূহের কর্মসম্পাদন/কর্মতৎপরতা (উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত )বিবরণী:নভেম্বর ২০১৯

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৫/১১/২০১৯ | ৩১.০২.৪৯৫২.০০০.০৪.০০৬.১৮.৭১০(১২), তারিখ: ১৭/১২/২০১৯ | ১৮/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ২ | নাগেশ্বরী | ১০/১২/২০১৯ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.১৮.১২০৫ ৩০) তারিখ: ১০/১২/২০১৯ | ১৫/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৪ | ফুলবাড়ী | ১০/১২/২০১৯ | ৩১.০২.৪৯১৮.০০০.০৩.০০৪.১৮.৪৮১(১০), তারিখ: ১৭/১২/২০১৯ | ১৮/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ৫ | রাজারহাট | ২৫/১১/২০১৯ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০১০.১৮.৩৯৭(২৫), তারিখ: ০৫/১২/২০১৯ | ১২/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ৬ | উলিপুর | ১৮/১২/২০১৯ | ৩১.০২.৪৯৯৪.০০০.০৩.০১২.১৮.১০৩৬(২৫) , তারিখ: ১৮/১২/২০১৯ | ১৮/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ৭ | চিলমারী | ২৫/১১/২০১৯ | ৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.১৯.৫১৯(৯), তারিখ: ১৫/১২/২০১৯ | ১৮/১২/২০১৯ | সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। |
| ৮ | রৌমারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |

চলমান পাতা-৪

### ৫। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/ মেরামত সংক্রান্ত: নভেম্বর ২০১৯

**আলোচনা**

২০১৮-২০১৯ অর্থ বছরে উপজেলা, পৌর ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের মেরামত ও সংরক্ষণ কাজের জন্য কুড়িগ্রাম জেলার অনুকূলে ৫৭,৮৯,৮৯৪/- (সাতান্ন লক্ষ উননব্বই হাজার আটশত চুরানব্বই) টাকা প্রাপ্ত বরাদ্দ দ্বারা নিম্নবর্ণিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের মেরামত কাজের অগ্রগতি নিম্নরূপঃ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ক্রঃনং | উপজেলা | উপজেলা/পৌর/ইউনিয়ন ভূমি অফিসের নাম | কাজের অগ্রগতি | মন্তব্য |
| ১ | কুড়িগ্রাম সদর | ১। পাঁচগাছি ইউনিয়ন ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ২। কাঠালবাড়ী ইউনিয়ন ভূমি অফিস, কুড়িগ্রাম সদর | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ৩। মোগলবাসা ইউনিয়ন ভূমি অফিস,কুড়িগ্রাম সদর | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ৪। উপজেলা ভূমি অফিস, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| ২ | নাগেশ্বরী | ৫। কালীগঞ্জ ইউনিয়ন ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ৬। রায়গঞ্জ ইউনিয়ন ভূমি অফিস, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ৭। রামখানা ইউনিয়ন ভূমি অফিস, নাগেশ্বরী | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | ৮। উপজেলা ভূমি অফিস, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| ৪ | ফুলবাড়ী | ৯। উপজেলা ভূমি অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ৮০% | |
| ৫ | উলিপুর | ১০। বজরা ইউনিয়ন ভূমি অফিস,উলিপুর, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ১১। গুনাইগাছ ইউনিয়ন ভূমি অফিস, উলিপুর | ১০০% | |
| | | ১২। পৌর ভূমি অফিস, উলিপুর,কুড়িগ্রাম | ১০০% | |
| ৬ | চিলমারী | ১৩। উপজেলা ভূমি অফিস, চিলমারী, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | | ১৪। রমনা ইউনিয়ন ভূমি অফিস,চিলমারী, কুড়িগ্রাম | ১০০% | সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হয়েছে। |
| | সর্বমোট= | ১৪ | | |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি ২০১৯-২০২০ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত /সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসসমূহের তালিকা সংগ্রহের নিমিত্ত রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রামকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করেন।

**সিদ্ধান্ত**

১। মেরামত ও সংরক্ষণ কাজ শর্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই /সরেজমিন পরিদর্শনপূর্বক সহকারী কমিশনার(ভূমি) (সকল) / উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট প্রতিবেদন দাখিল করবেন।

২। মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস /পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিসসমূহের তালিকা সংগ্রহের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। সহকারী কমিশনার (ভূমি) (সকল) /উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট।

২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট।

### ৬। অডিট সংক্রান্ত: নভেম্বর ২০১৯

**আলোচনা**

জেলায় রাজস্ব প্রশাসনে মোট অডিট আপত্তির সংখ্যা ৬৯ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =২,০৭,০০৬/১৮ টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরূপঃ

| উপজেলার নাম | আপত্তির পরিমাণ | জড়িত টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | |
| নাগেশ্বরী | ০৭ | ৪৩,২৫৩/০০ | |
| ভ রুঙ্গাম রী | ০৭ | ১০,৯২৮/০০ | |
| ফুলবাড়ী | ০৮ | ১০,১০০/০০ | |
| রাজারহাট | ১৩ | ৩৯,৮৯৮/০০ | |
| উলিপুর | ০০ | ০০ | |
| চিলমারী | ২৭ | ৮৯,২২০/০০ | |
| রৌমারী | ০০ | ০০ | |
| চর রাজিবপুর | ০৭ | ১৩,৬০৭/১৮ | |
| মোট= | ৬৯ | =২,০৭,০০৬/১৮ | |

সভায় পেন্ডিং অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায় যে, নভেম্বর/২০১৯ মাসে কোন উপজেলা হতে নিষ্পত্তিমূলক ব্রডশীট জবাব পাওয়া যায়নি।

**সিদ্ধান্ত**

১। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ি ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। অবলোপনযোগ্য অডিট আপত্তিসমূহ অবলোপনের মাধ্যমে দ্রুত অবলোপন করতে হবে।

৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করতে হবে।

৪। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সাথে অনলাইন যাচাই কপি বা প্রযোজ্য ক্ষেত্রে সিটিআর এর কপি প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) সকল কুড়িগ্রাম।

(২-৪)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

## ৭। নামজারী মোকদ্দমা সংক্রান্ত: নভেম্বর,২০১৯

### আলোচনা

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা<br>২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ১১১৭ | ৪৪২ | ১৫৫৯ | ৪৯১ | ১০৬৮ |
| নাগেশ্বরী | ২০২ | ৯৯ | ৩০১ | ১২৬ | ১৭৫ |
| ভূরুঙ্গামারী | ৭৪ | ৫৩ | ১২৭ | ৮৬ | ৪১ |
| ফুলবাড়ী | ৪৩ | ২০ | ৬৩ | ২০ | ৪৩ |
| রাজারহাট | ২১৯ | ৮৯ | ৩০৮ | ১১৫ | ১৯৩ |
| উলিপুর | ৬৮০ | ২১০ | ৮৯০ | ২৫০ | ৬৪০ |
| চিলমারী | ৩০০ | ১৫ | ৩১৫ | ০০ | ৩১৫ |
| রৌমারী | ৩০০ | ১৪০ | ৪৪০ | ৫০ | ৩৯০ |
| চর রাজিবপুর | ৬০ | ৪৮ | ১০৮ | ৩২ | ৭৬ |
| সর্বমোট= | ২৯৯৫ | ১১১৬ | ৪১১১ | ১১৭০ | ২৪১ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ৯০ | - | ০০ | ০০ | ৯০ |
| নাগেশ্বরী | ০০ | ১০ | - | ০৫ | ০৫ | ০৫ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ৪৫ | ৯০ | - | ২০ | ২০ | ৭০ |
| উলিপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ১০ | ৭০ | - | ০০ | ০০ | ৭০ |
| রৌমারী | ০ | ২৫ | - | ০০ | ০০ | ২৫ |
| চর রাজিবপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ৫৫ | ২৮৫ | - | ২৫ | ২৫ | ২৬০ |

সভায় নামজারীর মোকদ্দমার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি নামজারী মোকদ্দমা যথাসময়ে নিষ্পত্তির জন্য সংশ্লিষ্টতা যাচাই করত: বিদ্যমান আইন, বিধি-বিধান,সরকারের নির্দেশনা ইত্যাদি বিষয় উল্লেখ করে সম্পূর্ণ নৈর্ব্যক্তিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করেন। সহকারী কমিশনার (ভূমি) গণ সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ করে চুড়ান্ত সিদ্ধান্ত/আদেশ স্ব-হস্তে লিখবেন এবং খতিয়ান নিজ হাতে সংশোধন করবেন। ভূমি মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা মোতাবেক (ক) আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি (খ) এল.টি নোটিশের মাধ্যমে নামজারি মামলা ২৮ দিনের মধ্যে এবং (গ) প্রবাসীদের জন্য নামজারি ৯ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে, পেন্ডিংথাকলে তার কারণসহ কতটি নামজারী মামলা পেন্ডিং রয়েছে তা এ কার্যালয়কে অবহিত করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করেন। জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি ভূমি মন্ত্রণালয়ের ১১ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখের ৩১.০০. ০০০০. ০৪৬. ৬৮.০১৭.১৬.১০৯ নং স্মারকের পরিপত্রের নির্দেশনা অনুসরণে এল.টি নোটিশ বুনিয়াদে প্রাপ্ত নামজারি নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। কোন অবস্থাতেই ইউনিয়ন ভূমি অফিসে কোন আবেদন গ্রহণ করা যাবে না। নামজারি প্রাপ্তিতে জনগণ যাতে হয়রানির শিকার না হন সে বিষয়টি খতিয়ে দেখতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। নামজারীর অনুমোদিত খতিয়ান সংশ্লিষ্ট ব্যক্তি, ইউনিয়ন ভূমি অফিস ও জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।

### সিদ্ধান্ত

১। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: ভূমি মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা মোতাবেক (ক) আবেদনের পরিপ্রেক্ষিতে নামজারি (খ) এল.টি নোটিশের মাধ্যমে নামজারি ২৮ দিনের মধ্যে এবং (গ) প্রবাসীদের জন্য নামজারি ৯ কার্যদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে

২। সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি মোকদ্দমাসমূহ নিষ্পত্তি করতে হবে।

৩। জেলা রাজস্ব সভার সিদ্ধান্তসমূহ উপজেলা রাজস্ব সভায় আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৪। ভূমি মন্ত্রণালয়ের ১১/০২/১৯ তারিখের ৩১. ০০.০০০০.০৪৬.৬৮.০১৭. ১৬.১০৯ নং স্মারকের পরিপত্রের নির্দেশনা অনুসরণে এল.টি নোটিশ বুনিয়াদে প্রাপ্ত নামজারি নিষ্পত্তি করতে হবে।

৫। অনুমোদিত খতিয়ান সংশ্লিষ্ট ব্যক্তি, ইউনিয়ন ভূমি অফিস ও জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।

### বাস্তবায়ন

(১-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম

**০৮ (ক)। ২০১৯-২০ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): নভেম্বর ২০১৯**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবী | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | নভেম্বর/১৯ | ৬৫৯৪৬৬১ | ৪৪৯১৪৫ | ১৩৯২৯০৫ | ২১.১২% |
| | নভেম্বর/১৮ | ৬৫৬৭৮৭৯ | ৪৫৭৬৯৭ | ১৬৪৯৯৭৬ | ২৫.১২% |
| নাগেশ্বরী | নভেম্বর/১৯ | ৩৭৬৫০৩৫ | ২৫১২৯৩ | ৯১৪৭০৫ | ২৪.২৯% |
| | নভেম্বর/১৮ | ৩৬৯৮৪০৩ | 441301 | 1436309 | ৩৮.৮৪% |
| ভূরুঙ্গামারী | নভেম্বর/১৯ | ৩১৬৬৫২৮ | ৩০৫১৯৯ | ১২৫২৪৬২ | ৩৯.৫৫% |
| | নভেম্বর/১৮ | ২৬৮০০৮২ | ২৩৫৫৫৭ | ১১৩৪০৬১ | ৪২.৩১% |
| ফুলবাড়ী | নভেম্বর/১৯ | ২১২৪৪৩৪ | ১৯৬৯৭০ | ৭৭৯৪৮৩ | ৩৬.৬৯% |
| | নভেম্বর/১৮ | ১৯৯৮৬০০ | ২১৪৭৪৪ | ৭২১৪১২ | ৩৬.১০% |
| রাজারহাট | নভেম্বর/১৯ | ২৯৭৯৯২৬ | ৩৩৭৬৫১ | ১২৮৯৫১৫ | ৪৩.২৭% |
| | নভেম্বর/১৮ | ২৯৬২৪১৯ | ২৬২১৪৫ | ৯৫৯০৬0 | ৩২.৩৭% |
| উলিপুর | নভেম্বর/১৯ | ৪৮৯৭৩০০ | ৩৮৩৮৬৫ | ২০৬২২১৪ | ৪২.১০% |
| | নভেম্বর/১৮ | ৪৬৩১৯৭১ | ৫৬৫৪৬১ | ১৮৭৯২৩৩ | ৪০.৫৭% |
| চিলমারী | নভেম্বর/১৯ | ১৫৪৩৫৭৫ | ১০০০৯৬ | ৫২৮৯৩৫ | ৩৪.২৭% |
| | নভেম্বর/১৮ | ১৪৭১৫১২ | ১৪৪৭২২ | ৬১৪২৩৪ | ৪১.৭ |
| রৌমারী | নভেম্বর/১৯ | ৪১২০৭২০ | ৩৬৮৫০০ | ১৬৪৩৯৬৬ | ৩৯.৯০% |
| | নভেম্বর/১৮ | ৪০৭০৮৮১ | ৩৪২৭২০ | ১৬০৫১৮৪ | ৩৯.৪৩% |
| চর রাজিবপুর | নভেম্বর/১৯ | ১৫০২০৭৮ | ১৫৮৮৫১ | ৪২৬৫৭৪ | ২৮.৪০% |
| | নভেম্বর/১৮ | ১৪৬৩৪৭০ | ২০৬১৮৯ | ৬৫৮৭৩৭ | ৪৫.০১% |
| সর্বমোট | নভেম্বর/১৯ | ৩০৬৯৪২৫৭ | ২৫৫১৫৭০ | ১০২৯০৭৫৯ | ৩৩.৫৩% |
| | নভেম্বর/১৮ | ২৯৫৪৫২১৭ | ২৮৭০৫৩৬ | ১০৬৫৮২০৬ | ৩৬.০৭% |

ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায় ও ২০১৯-২০২০ অর্থবছরের দাবি ও আদায় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত**

১) ২০১৯-২০ অর্থবছরের ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির শতভাগ আদায়ের নিমিত্ত এখন থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
২) ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির আদায়ের হার পূর্বের অর্থবছর অপেক্ষা ২৫% বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**০৮ (খ)। ২০১৮-১৯ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): নভেম্বর ২০১৯**

**আলোচনা**

চলতি ২০১৯-২০২০ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলার নাম | মাসের নাম | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | নভেম্বর/১৯ | ৩৫৬১৯০৫ | ২৬৮৮০ | ৩৫৭৯২ | ০১.০০% |
| | নভেম্বর/১৮ | ৩৫০৩২৫৫ | ০০ | ৯৫১০৪ | ০২.৭১% |
| নাগেশ্বরী | নভেম্বর/১৯ | ৬০১৩৫৬ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ৫৪৯০৭০ | ০০ | ০০ | ০০.০০% |
| ভূরুঙ্গামারী | নভেম্বর/১৯ | ৬০৭৫২২ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ৪০৫১৬১ | ০০ | ০০ | ০০.০০% |
| ফুলবাড়ী | নভেম্বর/১৯ | ২০৯৪৯৩ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ২৪৩৭১৯ | ০০ | ১২৬২৪ | ০৩.১২% |
| রাজারহাট | নভেম্বর/১৯ | ৩৪২৬৭২ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ৩৯০০৪২২ | ৫৯১২ | ৫৯১২ | ০০.১৫% |
| উলিপুর | নভেম্বর/১৯ | ৭০৮৭১৪৬ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ৭২৯৬৩৮৭ | ০০ | ১৫১১০৪ | ০২.০৭% |
| চিলমারী | নভেম্বর/১৯ | ৩১৫১৪২ | ২০০০ | ২৫৫৯৬ | ০৮.১২% |
| | নভেম্বর/১৮ | ৩৫৭৫৪২ | ০০ | ৪৮২৪৩ | ১৩.৪৯% |
| রৌমারী | নভেম্বর/১৯ | ২৪২৫০৫ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ১৫৮৯০৮ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | নভেম্বর/১৯ | ৩৬৭৯০৫ | ০০ | ০০ | ০০.০০% |
| | নভেম্বর/১৮ | ১২৬১৩০ | ০০ | ০০ | ০০.০০% |
| সর্বমোট= | নভেম্বর/১৯ | ১ ৩৩৫৬৪৬ | ২৮৮৮০ | ৬১৩৮৮ | ০০.৪৬% |
| | নভেম্বর/১৮ | ১৬৫৪০৫৯৪ | ৫৯১২ | ৩১২৯৮৭ | ০১.৮৯% |

সংস্থার দাবি ও আদায় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনায় হয়। সংস্থার দাবি বছরের শুরু থেকে আদায়ের জোর প্রচেষ্টা চালানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থার প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রদান করে অনুলিপি এ অফিসে দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ জানান। যাতে সংশ্লিষ্ট সংস্থার প্রধানগণ বছরের প্রথমেই বাজেট মঞ্জুরির জন্য স্ব-স্ব মন্ত্রণালয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা পত্র দিয়ে ভূমি উন্নয়ন কর পরিশোধে সক্ষম হয়।

**সিদ্ধান্ত**

১। সংস্থার দাবি শতভাগ আদায়ের নিমিত্ত মন্ত্রণালয়ভিত্তিক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।
২। বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ভূমি উন্নয়ন করের দাবি প্রেরণ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে।

**বাস্তবায়ন**

১। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

চলমান পাতা-৭

## ০৯। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান কুড়িগ্রাম জেলায় তালিকাভূক্ত অর্পিত সম্পত্তির পরিমাণ ২৪৩০.৫৪৫ একর।লীজকৃত সম্পত্তির পরিমাণ ১৩৩.১৯৮০ একর। ২০১৯-২০২০ অর্থ বছরে অর্পিত সম্পত্তির দাবির পরিমাণ =১৩,৮৪,২২১/- টাকা। নভেম্বর/২০১৯ মাসে নাগেশ্বরী উপজেলায় = ৩,৭৬০ /-টাকা এবং ফুলবাড়ী উপজেলায় ৫৫০/- টাকা, মোট =৪,৩১০/- টাকা এবং এযাবৎ এ জেলায় সর্বমোট= ৩,৭২,৪০৬/-টাকা লীজমানি আদায় করা হয়েছে। পুঞ্জিভূত আদায়ের হার ২৬.৯০%। সভাপতি লীজগ্রহীতাদের ছবিসহ তালিকা/ডাটাবেইস এবং তফসিলভূক্ত সম্পত্তির স্কেচ ম্যাপ প্রস্তুতের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। তিনি অর্পিত সম্পত্তি লীজ নবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং লীজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লীজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করার পরামর্শ প্রদান করেন। দীর্ঘদিন যাবৎ যে সকল লীজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লীজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। লীজ বহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে সভায় অনুরাধ করা হয়। জেলা ও উপজেলা হতে লীজমানি আদায় করতে অনুরোধ করেন। কোন কর্মচারী/কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে বকেয়া অর্থ আদায় নাহলে বা দাবি তামাদি হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অর্পিত পুকুরের ইজারা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করত: অনুমোদনের জন্য প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা | ১। ২০১৯-২০ অর্থবছরের অর্পিত সম্পত্তির লীজমানি ১০০% আদায়ে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>২। লীজকৃত অর্পিত সম্পত্তির জন্য আলাদা আলাদা তালিকা স্কেচ ম্যাপসহ প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লীজিদের ছবিসহ তালিকা /ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভি,পি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৩। লীজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লীজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৪। দীর্ঘদিন যাবৎ যে সকল লীজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লীজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৫। ভিপি সম্পত্তির অবৈধ দখলকারীর তালিকা প্রেরণ করতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদের এবং যারা লীজ নিয়েছেন তারা ভোগদখল করছেন কিনা সে বিষয়ে তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৬। জেলা ও উপজেলা হতে লীজমানি আদায় করতে হবে। অর্পিত পুকুরের ইজারা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করত: অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>(২-৬)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: নভেম্বর ২০১৯**

| ক্র: নং | উপজেলার নাম | তালিকাভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০১৯-২০২০) | অক্টোবর ২০১৯ মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | কুড়িগ্রাম সদর | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১৪০৪৬৯ | ০০ | ০০ | ০০.০০% | |
| ২ | নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ৩২৬৭২ | ৩৭৬০ | ৩৭৬০ | ১১.৫১% | |
| ৩ | ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৫৯২০৫ | ০০ | ১৪৩০ | ০২.৪২% | |
| ৪ | ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ৫৭৩৩১ | ৫৫০ | ৫৫০ | ০০.৯৬% | |
| ৫ | রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ৪৬৬৫ | ০০ | ০০ | ০০.০০% | |
| ৬ | উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ৫১২৫৫৮ | ০০ | ৩৩৫২৩১ | ৬৫.৪০% | |
| ৭ | চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ১৯০০০ | ০০ | ০০ | ০০.০০% | |
| ৮ | রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৫৫৮৩২১ | ০০ | ৩১৪৩৫ | ০৫.৬৩% | |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | - | - | - | ‘ক’ তফশীলভূক্ত সম্পত্তি নেই |
| সর্বমোট= | | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ১৩৮৪২২১ | ৪,৩১০/০০ | ৩,৭২,৪০৬/০০ | ২৬.৯০% | |

## ১০। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৪ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১৪৩ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৮ টি, রাজারহাটে ০২টি, উলিপুরে ০৬ টি, রৌমারীতে ০৪ টি এবং রাজিবপুরে ০১ টি সহ মোট ২১ টি হাটের পেরিফেরি হয়নি। কুড়িগ্রাম সদর উপজেলার ০৮ টি হাটের মধ্যে ০১ টিতে আদালতে মামলা থাকায় ও ০১ টি নদী-ভাঙ্গানকবলিত হওয়ায় পেরিফেরিভুক্তকরণ সম্ভব হয়নি। কুড়িগ্রাম সদর,উলিপুর, রাজারহাট ও রৌমারী উপজেলায় যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি সেসব হাটের পেরিফেরি অনুমোদনের প্রস্তাব জরুরিভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। কোন হাটবাজার না বসলে তা ক্যালেন্ডার হতে বাদ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও নির্দেশনা প্রদান করেন। তিনি হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদপূর্বক বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি আগামী রাজস্ব সভার পূর্বেই পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। প্রতিটি উপজেলা হতে কমপক্ষে ৫টি করে বন্দোবস্ত নথি এ অফিসে প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসারগণকে পুনরায় নির্দেশনা প্রদান করেন। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক তাঁর অধিক্ষেত্রের হাট-বাজার সমূহের ইজারা প্রদান কার্যক্রম গ্রহণের পাশাপাশি ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ১। যেসব ক্যালেন্ডারভুক্ত হাটের পেরিফেরি হয়নি নীতিমালা অনুযায়ী সেসব হাটের পেরিফেরি কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। পেরিফেরি সংশোধনযোগ্য হলে দ্রুত সংশোধন প্রস্তাব প্রেরণ করতে হবে। উপজেলাভিত্তিক হাট পেরিফেরির বিস্তারিত তথ্য আগামী সভার পূর্বেই এ অফিসে প্রেরণ করতে হবে।<br>২। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং কোন হাট-বাজার না বসলে তা বিধি মোতাবেক ক্যালেন্ডার হতে বাদ দিতে হবে।<br>৩। হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। কোন হাটের পেরিফেরি করার ক্ষেত্রে সমস্যা থাকলে মিস কেস রুজু করে শুনানীর মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। আগামী সভার পূর্বেই প্রতিটি উপজেলা হতে পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৬। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক তাঁর অধিক্ষেত্রের হাট-বাজার সমূহের ইজারা প্রদান কার্যক্রম গ্রহণের পাশাপাশি হাট-বাজার সমূহের ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম।<br>(৩-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।<br>৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লীজ সংক্রান্ত তথ্য: নভেম্বর/২০১৯

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরীফেরী ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরীফেরীভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪২৬) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৮ | - | ২১ | ০৫ | ০৫ | ৬২২২১৭৮ | ৩১১১০৮ | ১২৪৪৪৩৬ |
| কুড়িগ্রাম পৌরসভা | ০১ | ০১ | - | ০১ | - | - | ২৭১৫৩০০ | ১৩৫৭৬৫ | - |
| নাগেশ্বরী | ২৫ | ২৫ | - | ১৯ | ০৬ | ০৬ | ৫৪০৩০৯০ | ২৭০১৫৫ | ১০৮০৬১৮ |
| নাগেশ্বরী পৌরসভা | ০১ | ০১ | - | ০১ | - | - | ১০৪৩৩৩৩০ | - | - |
| ভূরুঙ্গামারী | ২০ | ২০ | - | ১৯ | ০১ | ০১ | ১৩২৩৬৯৯৪ | - | - |
| ফুলবাড়ী | ১৪ | ১৪ | - | ১৩ | ০১ | ০১ | ৫৬০৯২৯৪ | - | - |
| রাজারহাট | ১৬ | ১৪ | - | ১৩ | ০৩ | ০৩ | ৯১৭৪৯১০ | ৪৫৮৭৪৫ | ১৮৩৪৯৮২ |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৪ | ০৮ | ০৮ | ৭০২৬৪১৭ | - | - |
| উলিপুর পৌরসভা | ০২ | ০২ | - | ০২ | - | - | ১০৫৮৮৭০০ | - | - |
| চিলমারী | ০৫ | ০৫ | - | ০৩ | ০২ | ০২ | ৬২১৫৫০০ | ৩১০৭৭৫ | ১২৪৩১০০ |
| রৌমারী | ১৭ | ১৩ | - | ১৬ | ০১ | ০১ | ২৩৮৭৪৪২৪ | ১১৯৩৭২১ | ৪৭৭৪৮৮৫ |
| চর রাজিবপুর | ০৫ | ০৪ | - | ০৪ | ০১ | ০১ | ৫৩৪৩০০০ | ২৬৭১৫০ | ১০৬৮৬০০ |
| মোট= | ১৬৪ | ১৪৩ | - | ১৩৬ | ২৮ | ২৮ | ১০৫৮৪৩১৩৭ | ২৯৪৭৪১৯ | ১১২৪৬৬২১ |

চলমান পাতা-৯

## ১১। জলমহাল সংক্রান্ত: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| রেভিনিউ ডেপুটি কালেক্টর জানান এ জেলায় ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৫৩টি। তন্মধ্যে উন্মুক্ত ২৩টি এবং বদ্ধ ৩০টি। ইজারাযোগ্য ৩০টি জলমহালের মধ্যে মন্ত্রণালয় হতে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ১১টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ৯ টি। ইজারা প্রদানযোগ্য জলমহালের সংখ্যা ০১টি। অবশিষ্ট জলমহালের মধ্যে মামলা চলমান ০৬ টিতে, ভরাট হওয়ার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে ০১ টিতে এবং নদীগর্ভে বিলীন ২ টি। ইজারা প্রদানকৃত ১০ টি জলমহাল হতে ১৪২৫ বাংলা সনের প্রাপ্ত আয় ৭০,৭১,৫৬৩/- টাকা। ২০ (বিশ) একরের নিম্নে মোট জলমহালের সংখ্যা ৯৫ টি। ইজারা বহির্ভূত কোন জলাশয় থাকলে নীতিমালা অনুযায়ী সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করেন। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম উপস্থাপন করবেন। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে উপজেলা নির্বাহী অফিসারগণকে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও আগামী রাজস্ব সভার পূর্বেই খাসপুকুরের তথ্য প্রেরণের জন্য এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | ১। ২০ একরের নিচের যে সব জলমহালের ইজারা প্রদান সম্ভব হয়নি সেগুলোর খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে।<br>২। ২০ একরের উর্ধ্বে জলাশয়ের বিস্তারিত তথ্য এবং ইজারাধীন, ইজারা বহির্ভূত জলাশয়ের তথ্য প্রতিসভায় উপস্থাপন করতে হবে। উপজেলায় কি পরিমাণ জলাশয় ইজারাযোগ্য রয়েছে তার ইউনিয়নভিত্তিক তথ্য প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩।আগামী রাজস্ব সভার পূর্বেই খাসপুকুরের তথ্য প্রেরণের জন্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ১২। এল এ কেস সংক্রান্ত: নভেম্বর ২০১৯

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>
ভূমি অধিগ্রহণ শাখা, কুড়িগ্রাম হতে প্রাপ্ত তথ্য নিম্নরূপ:
<table>
<tr><td colspan="2">মোট এলএ কেসের সংখ্যা</td><td colspan="2">গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা</td><td colspan="2">নামজারীর সংখ্যা</td><td colspan="2">বাতিলকৃত এল,এ কেসের সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td></tr>
<tr><td>৩৮৪</td><td>৩৩৩</td><td>১৭৯</td><td>২৯০</td><td>১৩৬</td><td>২৭২</td><td>৬</td><td>১৩</td></tr>
</table>
অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা সভায় জানান, ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় ৪৮টি অনিষ্পন্ন এল এ কেসের প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র চেয়ে প্রত্যাশী সংস্থা বরাবর পত্র দেয়া হয়েছে। গেজেটে প্রকাশিত ১৭৯ টি কেসের মধ্যে ৩৩ টি কেসের নামজারী করা হয়নি, অবশিষ্ট কেসের গেজেটের কপি সংগ্রহ সাপেক্ষে নামজারী করা হবে। গেজেটে প্রকাশিত যে সকল এল, এ কেসের তফসিলভূক্ত সম্পত্তির নামজারী হয়নি সে সকল এল,এ কেসের তফসিলভূক্ত সম্পত্তি নামজারী কার্যক্রম গ্রহণপূর্বক আগামী সভার পূর্বে নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রতিবেদন প্রেরণের জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতি প্রকল্প বাস্তবায়নের প্রত্যয়নপত্র প্রেরণের জন্য তাগিদ পত্র প্রদানের পরামর্শ দেন।<br>
১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় ২৭২ টির নামজারী সম্পন্ন হয়েছে মর্মে সভায় জানানো হয়। গেজেটে প্রেরিত কেসগুলির মধ্যে ইতোমধ্যে গেজেট প্রকাশিত হয়েছে কি না সে বিষয়ে খোঁজ নেয়া হচ্ছে। সভাপতি এল, এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারী সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল,এ কেস নম্বর লিখার জন্য এবং এল,এ কেস রেজিস্টার হাল নাগাদ রাখার জন্যও নির্দেশ প্রদান করেন। ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।
</td><td>
১। ১৯৪৮ সনের যে ৪৮টি অনিষ্পন্ন এল এ কেস আছে তার গেজেট সংগ্রহপূর্বক দ্রুত নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করতে হবে।<br>
২। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিষ্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>
৩। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল,এ কেস নম্বর লিখতে হবে এবং এল,এ কেস রেজিস্টার হাল নাগাদ রাখতে হবে।<br>
৪। ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে হবে।
</td><td>
(১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>
৩। অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>
৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল) ,কুড়িগ্রাম/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম
</td></tr>
</table>

## ১৩। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় নভেম্বর/২০১৯ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১১৯৫ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১১৯৫ টি, আপিল মামলা ১২০ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮৬৫টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮৬৫ টি এবং আপিল ০৬ টি। সভাপতি সরকার বিপক্ষে রায়/ডিক্রীকৃত মামলাসমূহ তামাদি মেয়াদের মধ্যেই ছানি/আপীল/রিভিশন দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। প্রতিবেদনে দেখা যায় যে, ১ মাসের অধিক পেন্ডিং এসএফ এর সংখ্যা ১৬৫ টি। সভাপতি মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব প্রেরণের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করেন। ০১(এক) মাসের অধিক পেন্ডিং এস,এফ আগামি সভার পূর্বেই উপজেলা পর্যায়ে নিষ্পত্তি করে শূন্যের কোটায় নিয়ে আসা নিশ্চিৎ করতে এবং পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার পরিপ্রেক্ষিতে দুত রেকর্ড সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখাকে পরামর্শ প্রদান করেন। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা,দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে। তিনি এস এফ প্রেরণে সবোর্চ্চ অগ্রাধিকার দিতে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। নোটিশ/সমনের সাথে আরজির কপি যাতে প্রেরণ করা হয় সে বিষয়ে বিজ্ঞ জিপি/এজিপি(সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি অনুরোধ করেন। মাসিক জেলা রাজস্ব সম্মেলনে বিজ্ঞ জিপি ও ভিপি কৌশুলী, কুড়িগ্রামকে নিয়মিত উপস্থিত থাকার জন্য সভাপতি অনুরোধ করেন। | ১। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার ক্ষেত্রে সরকার পক্ষে মামলা পরিচালনায় কোন ত্রুটি বা গাফিলতি আছে কিনা তা খতিয়ে দেখতে হবে এবং মামলাগুলো নির্ধারিত সময়ের মধ্যে যথাশ্রীঘ্র আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সরকারের বিপক্ষে রায় হলে দ্রুত আপীল দায়ের করতে হবে।<br>২। সরকারি স্বার্থসংশ্লিষ্ট মামলার ব্যাপারে বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে এস,এফ বিষয়ে সতর্কতার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে সমন্বয় করতে হবে।<br>৩। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>৪। ১ মাসের অধিক পেন্ডিং এস এফ আগামি সভার পূবেই শূন্যের কোটায় নামিয়ে এনে অগ্রগতি প্রতিবেদন এবং অবশিষ্ট পেন্ডিং এস এফ এর তথ্য আগামী ৭ (সাত) দিনের মধ্যে এ অফিসে প্রেরণ করতে হবে ।<br>৫। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা,দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে।<br>৬। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে হবে।<br>৭। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে।<br>৮। মাসিক জেলা রাজস্ব সম্মেলনে বিজ্ঞ জিপি ও ভিপি কৌশুলী, কুড়িগ্রামকে নিয়মিত উপস্থিত থাকতে হবে। | ১। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম ।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি, কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি /বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (আর,এম)শাখা / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>(৫-৬)। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম<br>(৭-৮)। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম। |

## ১৪। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় রেন্ট সার্টিফিকেট মামলার বর্ণিত তথ্য অনুযায়ী দেখা যায় নভেম্বর ২০১৯ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ১৯৩টি, বিপরীতে দাবির পরিমাণ =১৭,৪,৮৩৩৯/- টাকা। নভেম্বর/২০১৯ মাসে কোন উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম /উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলা দ্রুততম সময়ে নিষ্পত্তিকরণে এখন থেকে সপ্তাহে ০১ দিন ধার্য করে রেন্ট সার্টিফিকেট আদালতের কার্যক্রম পরিচালনার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে পরামর্শ প্রদান করেন। সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের নিশ্চিত করার জন্য সার্টিফিকেট অফিসারগণকে অনুরোধ করেন। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ প্রদান করেন। তিনি রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বপ্রাপ্ত /পরিদর্শনকারী কর্মকর্তাকে অনুরোধ করেন। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে সংশ্লিষ্ট পরিদর্শনকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন। | ১। ক্রাশ প্রোগ্রাম গ্রহণ করে পেন্ডিং রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২। রেন্ট সার্টিফিকেট মামলার নিষ্পত্তিকরণে সপ্তাহে ০১ দিন আলাদাভাবে ধার্য করে আদালতের কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>৩। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী বকেয়া আদায়যোগ্য হোল্ডিং এর বিপরীতে ভূমি উন্নয়ন কর আদায়ের স্বার্থে যথাসময়ে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য সার্টিফিকেট অফিসারগণ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br>৪। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করতে হবে।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতেহবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৫। পরিদর্শনকারী সংশ্লিষ্ট সকল কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: নভেম্বর ২০১৯ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ (৩+৪) নং কলামের দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | জুলাই/১৯ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ৯৭ | ০০ | ০০ | ৯৭ | ৬২৩৬২০ | ০০ | ০০ | ০০ | ৯৭ | ৬২৩৬২০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০২ | ০০ | ২২৫১৩ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৫৭৭২৩ | ০০ | ০০ | ১৩৩৪৮ | ০৩ | ৫৭৭২৩ |
| উলিপুর | ৭৬ | ০০ | ০০ | ৭৬ | ৮২১৪১৮ | ০০ | ০০ | ৭৯৪২৮ | ৭৬ | ৮২১৪১৮ |
| চিলমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৬৮৫০ | ০০ | ০০ | ১৯৪০ | ০৪ | ৬৮৫০ |
| রৌমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ | ০০ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ |
| চর রাজিবপুর | ০৯ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ | ০০ | ০০ | ০০ | ০৯ | ১৯৭৮৫৩ |
| সর্বমোট= | ১৯৩ | ০০ | ০০ | ১৯৩ | ১৭৪৮৩৩৯ | ০০ | ০০ | ১১৭২২৯ | ১৯৩ | ১৭৪৮৩৩৯ |

## ১৫। জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: নভেম্বর ২০১৯

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় তুলে ধরা হয়। পরিসংখ্যানে দেখা যায় যে, নভেম্বর ২০১৯ মাস পর্যন্ত মোট মোকদ্দমার সংখ্যা ২৫৭৮ টি, বিপরীতে দাবির পরিমাণ =১৫৫৬২১৫৭৫/১৩ টাকা। নভেম্বর ২০১৯ মাসে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রামে ৩২ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত মামলার বিপরীতে আদায় =২৮১৭৫৩৩/- টাকা। বিস্তারিত আলোচনান্তে সভাপতি অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তিকরণে উপজেলা নির্বাহী অফিসারগণকে সুবিধামত সপ্তাহে ০১ দিন ধার্য করে এবং প্রয়োজনে অতিরিক্ত সময়ে সার্টিফিকেট আদালত পরিচালনা করার পরামর্শ প্রদান করেন এবং মাসে কমপক্ষে ৫টি করে মামলা নিষ্পত্তি করার লক্ষ্য নির্ধারণের পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়াজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করেন। তিনি উপজেলা কৃষি ঋণ কমিটির সভা নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তির হার বৃদ্ধিসহ সার্টিফিকেট মামলাভূক্ত চিহ্নিত শীর্ষ খাতকদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেন। সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিষ্পত্তির আবেদন থাকলে তা নিষ্পত্তি করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর তৎপর হওয়ার জন্য সভাপতি সকল সার্টিফিকেট অফিসারকে অনুরোধ জানান। | ১। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে মাসে কমপক্ষে ৫ টি করে মামলা নিষ্পত্তি করতে হবে ।<br>২। সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>৩। মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়াজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র প্রদান করতে হবে।<br>৫। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটির সভা করতে হবে।<br>৬। জেনারেল সার্টিফিকেট মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং শীর্ষ খাতকদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে অগ্রাধিকার ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৭। সরকারি পাওনাদার কর্তৃক স্বাক্ষরিত পাওনা পরিশোধের ডকুমেন্টসহ মামলা নিষ্পত্তির আবেদন থাকলে তা নিষ্পত্তি করতে হবে।<br>৮। জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর তৎপর হতে হবে। | (১-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>(৪-৮)। সংশ্লিষ্ট সকল। |

চলমান পাতা-১২

## জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: নভেম্বর ২০১৯

| উপজেলার নাম | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম | - | - | ৩১১ | ৩৬৮০৩৪১৬/০০ | ৩২ | ২৮১৭৫৩৩/- | ২৭৯ | ৩৩৯৮৫৮৮৩/০০ |
| কুড়িগ্রাম সদর | - | - | ৪১০ | ৩৪২২৬৬৪/০০ | - | - | ৪১০ | ৩৪২২৬৬৪/০০ |
| নাগেশ্বরী | - | - | ৪২৩ | ১৯৬০১৯৬৩/০০ | - | - | ৪২৩ | ১৯৬০১৯৬৩/০০ |
| ভূরুঙ্গামারী | - | - | ২০৬ | ১৫১০৭৫৯৮/০০ | - | - | ২০৬ | ১৫১০৭৫৯৮/০০ |
| ফুলবাড়ী | - | - | ১৭১ | ১০৮৩০৪২৯/০০ | - | - | ১৭১ | ১০৮৩০৪২৯/০০ |
| রাজারহাট | - | - | ১৭৭ | ৭২৩৬৪৭৯/০০ | - | - | ১৭৭ | ৭২৩৬৪৭৯/০০ |
| উলিপুর | - | - | ৩৭৬ | ১৯৩৪৯১১১/০০ | - | - | ৩৭৬ | ১৯৩৪৯১১১/০০ |
| চিলমারী | - | - | ৪০৫ | ৭৪০৭৭৯১/১৩ | - | - | ৪০৫ | ৭৪০৭৭৯১/১৩ |
| রৌমারী | - | - | ৬৫ | ৬২২৪০০৯/০০ | - | - | ৬৫ | ৬২২৪০০৯/০০ |
| চর রাজিবপুর | - | - | ৩৯ | ১২৬৪৬৭৫/০০ | - | - | ৩৯ | ১২৬৪৬৭৫/০০ |
| সর্বমোট= | - | - | ২৬১০ | ১৫৮৪৩৯১০৮/১৩ | ৩২ | ২৮১৭৫৩৩/- | ২৫৭৮ | ১৫৫৬২১৫৭৫/১৩ |

### ১৬। মিস মোকদ্দমা সংক্রান্ত:নভেম্বর ২০১৯

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মিস কেস নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কুড়িগ্রাম সদর,নাগেশ্বরী,ভূরুঙ্গামারী, উলিপুর ও রৌমারী উপজেলায় মিস কেস নিষ্পত্তির হার কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিমত ব্যক্ত করেন। সে প্রেক্ষিতে তিনি সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান করেন ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। সভাপতি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেন। বিলুপ্ত ঘোষিত ‘খ’ তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশ প্রদান করেন। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভুত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৩। বিলুপ্ত ‘খ’ তফসিলভূক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদন দ্রুত নিষ্পত্তি করতে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।<br>৪। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |

### মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: নভেম্বর ২০১৯

| ক্রঃ নং | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | নভেম্বর/১৯ মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | নভেম্বর/২০১৯ মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | নভেম্বর/২০১৯ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ১৬৬ | ০৬ | ১৭২ | ০৭ | ৩৯ | ১৬৫ |
| ২ | নাগেশ্বরী | ১০৮ | ১৭ | ১২৫ | ০৩ | ০৩ | ১২২ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১৩০ | ০০ | ১৩০ | ১০ | ৩১০ | ১২০ |
| ৪ | ফুলবাড়ী | ০৯ | ০০ | ০৯ | ০০ | ০১ | ০৯ |
| ৫ | রাজারহাট | ১১ | ০০ | ১১ | ০০ | ০৮ | ১১ |
| ৬ | উলিপুর | ৮০ | ০৫ | ৮৫ | ০৬ | ৪৪ | ৭৯ |
| ৭ | চিলমারী | ০২ | ০০ | ০২ | ০০ | ০০ | ০২ |
| ৮ | রৌমারী | ৭৭ | ০০ | ৭৭ | ০৮ | ২৪ | ৬৯ |
| ৯ | চর রাজিবপুর | ১৪ | ০০ | ১৪ | ০০ | ১৫ | ১৪ |
| | সর্বমোট= | ৫৯৭ | ২৮ | ৬২৫ | ৩৪ | ৪৪৪ | ৫৯১ |

চলমান পাতা-১৩

**১৭। ইনোভেশন সংক্রান্ত: নভেম্বর ২০১৯**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সভাপতি কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি বলেন তৃণমূল পর্যায়ে তথ্য প্রযুক্তির সম্পূর্ণ বিকাশ, সুষ্ঠু ব্যবহার এবং প্রয়োগ নিশ্চিত করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণের ভূমিকা অনস্বীকার্য।<br>সভাপতি বলেন সমবেত বা সমবায়ভিত্তিক প্রয়াস যে কোন সফলতার মাত্রাকে বহুগুণে বর্ধিত করে। তৃণমূল পর্যায় থেকেই মূল উদ্ভাবন সূচিত হয়। আর সেক্ষেত্রে সাফল্যের সম্ভাবনাও থাকে অনেক বেশী। সেবা প্রদান বা সার্ভিস ডেলিভারিকে কীভাবে আরো জনগণের কাছাকাছি নিয়ে যাওয়া যায় সে লক্ষ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখা/আরএম শাখা/ভূমি অধিগ্রহণ শাখাসহ উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে ভূমি সেবা প্রত্যাশীদের ভূমি বিষয়ক সেবা প্রদানে উদ্ভাবনী চর্চা করার পরামর্শ প্রদান করেন। | ১। নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সভাপতি কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ নিয়ে সক্রিয় হতে হবে।<br>২। রাজস্ব শাখা/আরএম শাখা/ভূমি অধিগ্রহণ শাখাসহ উপজেলা ভূমি অফিস (সকল), কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি অফিসসমূহে ভূমি সেবা প্রত্যাশীদের ভূমি বিষয়ক সেবা প্রদানে উদ্ভাবনী চর্চা করতে হবে। | (১-২)।<br>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**১৮। বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়ণের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরিকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) উপজেলা হতে প্রেরিতব্য মাসিক সকল রিপোর্ট রিটার্ণ আবশ্যিকভাবে প্রতিমাসের ৩০/৩১ (শেষ কর্মদিবস) তারিখের মধ্যে ও মাসিক জেলা রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী প্রতিমাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌছানোর প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা দেন। যে সকল উপজেলা নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট/রিটার্ণ প্রেরণ করেছেন তাদেরকে ধন্যবাদ জানানো হয় এবং যে সকল উপজেলা হতে পাওয়া যায়নি তাদের বিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয়।

(২) রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১১৬,১১৭ এবং ১৪৩ ধারাসহ ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০ এর সংশ্লিষ্ট বিধি বিধান মোতাবেক নামজারি/জমা খারিজ কেসের কার্যক্রম গ্রহণ করত: ভূমি মন্ত্রণালয়ের ০৫/০৪/২০১০ তারিখের ভূ:ম:/শা-৯/বিবিধ/১৩/০৯-৩৮৫ নং পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণে ই-নামজারি/জমা খারিজ নিষ্পত্তি করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। নামজারি/ভূমি ও ভূমি রাজস্ব বিষয়ক সমস্যাদি গণশুনানীর মাধ্যমে নিষ্পত্তির চলমান কার্যক্রমকে আরও বেগবান ও কার্যকর করতে হবে।

(৩) আদালতের রায় ডিক্রির পরিপ্রেক্ষিতে রেকর্ড সংশোধন, চূড়ান্ত প্রকাশিত জরিপের রেকর্ডের করণিক ভুল ও প্রতারণামূলক ভুল সংশোধন, পরিত্যক্ত সম্পত্তি সরকারের নামে নামজারি ও রেকর্ডকরণ এবং বিনিময় সম্পত্তি নিষ্পত্তি করতে হবে। এ বিষয়ে নিয়মিত মাসিক প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের এবং স্ব স্ব কার্যালয়ে আগত জনসাধারণকে প্রদত্ত সেবার মানোন্নয়নে আরো তৎপর হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোছা: সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬১৬৪৫ (অ:)
ফ্যাক্স: ০৫৮১-৬২৩৭৪ (অ:)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮- ৫৩ (২০)

তারিখ: ০৭ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২১ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি:

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,রংপুর বিভাগ, রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল, রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল), কুড়িগ্রাম।
৭। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৮। জেলা রেজিস্ট্রার, কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি)..........................................(সকল), কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার ..................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১২। সহকারী প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ( কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৩। ......................................................................................, কুড়িগ্রাম।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার.......................................(সকল),কুড়িগ্রাম।
১৫। বিজ্ঞ সরকারি কৌসুলি, কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ জিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), ভূমি মন্ত্রণালয়, কুড়িগ্রাম।
১৮। উপ-সহকারী প্রকৌশলী, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
১৯। জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২১। সংস্থাপন সহকারী/জমা সহকারী/বন্দোবস্ত সহকারী/অডিট সহকারী/সায়রাত সহকারী/জিপি সহকারী, কুড়িগ্রাম কালেক্টরেট।
২২। অফিস কপি।

২১/০১/২০২০

(মোছা: জিলুফা সুলতানা)
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬১৫৭১(অ:)
ই-মেইল: aderkurigram@mopa.gov.bd